

স্মারক নং- এসকেএস/২০/৪০৫

০২ এপ্রিল ২০২০ খৃঃ

### অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক করোনাভাইরাসের কারণে সংস্থার সকল প্রকল্প অফিস, ঢাকা অফিস ও প্রধান কার্যালয় সরকার ঘোষিত সাধারণ ছুটির সাথে ১০ ও ১১ এপ্রিল যথাক্রমে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটিসহ বর্ধিত করে আগামী ১১ এপ্রিল ২০২০ খৃঃ তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হলো এবং মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন ও ডিভিশন অফিস সমূহের ছুটি পূর্বের মতোই ১১ এপ্রিল ২০২০ খৃঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। এছাড়া অঙ্গসংগঠন সমূহ তাদের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উক্ত ছুটির সময়ে নির্দেশনাসমূহ নিম্নরূপ:

- ছুটির সময়ে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনসমাগম এড়িয়ে চলার জন্য ঘরে অবস্থান করতে বলা হলো।
- স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বলা হলো।
- নিজ নিজ অবস্থান থেকে অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে বলা হলো।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড সাথে রাখা এবং অফিসিয়াল মোবাইল সিম সচল রাখার জন্য বলা হলো।

সরকারি বিশেষ কোন নির্দেশনা না থাকলে আগামী ১২ এপ্রিল ২০২০ খৃঃ তারিখ থেকে যথাযথ নিয়মে সংস্থার সকল অফিসের কার্যক্রম শুরু হবে।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহম্মেদ লিটন

নির্বাহী প্রধান।

অনুলিপি: (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- পরিচালক (সকল)
- সহকারী পরিচালক (সকল)
- সমন্বয়কারী (সকল)
- নোটিশ বোর্ড
- অফিস কপি